

m v Z w` b

খ ট গা প্র বা হ



২৪ জুন : সংসদে যোগদানের প্রথম দিনেই সরকারি দলের সমান সুযোগ না দেয়ার অভিযোগ এনে ওয়াক আউট করে আওয়ামী লীগ। মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে, এশিয়ার বৃহত্তম জুট মিল আদমজী বন্ধ করে দেয়ার সিদ্ধান্ত নেয়া হয়েছে।

নারায়ণগঞ্জে শেখ হাসিনাকে অবাস্তিত্ত ঘোষণা করেছে শহর যুবদল।

২৫ জুন : প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সঙ্গে তার কার্যালয়ে সার্কেরের মহাসচিব কিউএএমএ রহিমের এক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে প্রধানমন্ত্রী সার্কেরের অধীনে আঞ্চলিক জ্বালানি নেটওয়ার্ক গঠনের প্রয়োজনীয়তাসহ বিভিন্ন বিষয়ে আলাপ করেন।

বিভাগের এক ছাত্রীকে যৌন হয়রানির অভিযোগে ঢা.বি'র গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের অধ্যাপক ড. শেখ আব্দুস সালামকে বিশ্ববিদ্যালয় থেকে বাধ্যতামূলক ছুটি দেয়া হয়েছে।

রাজশাহী মহানগরীতে মিষ্টির সঙ্গে বিষ মিশিয়ে খাইয়ে ৬ জনকে হত্যা করেছে শফিকুর রহমান তুহিন নামে এক ব্যক্তি।

২৬ জুন : মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবসে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া মাদকের বিরুদ্ধে সবাইকে সচেতন ও ঐক্যবদ্ধ হবার আহ্বান জানান।

জি-৮ গ্রুপের সম্মেলনে বাংলাদেশ উন্নত বিশ্বের কাছে শুষ্ক ও কোটামুক্ত বাণিজ্য সুবিধা চেয়েছে।

নারায়ণগঞ্জে টর্নেডোতে কয়েকটি গ্রাম ব্যাপক ক্ষতিগ্রস্ত এবং প্রায় অর্ধশতাধিক ঘর-বাড়ি বিধ্বস্ত হয়েছে।

২৭ জুন : আওয়ামী লীগ সংসদে বাজেট আলোচনায় তিন দিন অংশ নেয়ার পর বিরোধী দলকে ন্যায্য হিস্যা অনুযায়ী সময় বরাদ্দ না করার অভিযোগে ৩০ জুন পর্যন্ত সংসদ বর্জনের ঘোষণা দিয়েছে।

শিক্ষা ও যোগাযোগ ব্যবস্থার উন্নয়নকে সর্বাধিক অগ্রাধিকার দিয়ে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বাজেট ২০০২-২০০৩ ঘোষণা করা হয়েছে। নতুন প্রস্তাবিত বাজেট এবার ৩৭৭ কোটি ৪ লাখ ৫০ হাজার টাকা।

রাজধানীতে সন্ত্রাসী তৎপরতায় ১ ব্যক্তি খুন ও ২ জন গুলিবিদ্ধ হয়েছে।

২৮ জুন : ঢাকা সিটি মেয়র সাদেক হোসেন খোকা মশক নির্মূল অভিযান উদ্বোধন করেছেন।

ঢাকা-সিলেট মহাসড়কের আশুগঞ্জে মালবাহী ট্রাক খাদে পড়ে ৬ শ্রমিক নিহত।

২৯ জুন : জাতীয় সংসদে ২০০২-২০০৩ অর্থ বছরের জাতীয় বাজেট পেশ হয়েছে। অর্থমন্ত্রী এম সাইফুর রহমান ২০০২-২০০৩ অর্থবছরের বাজেটের কয়েক দফা প্রস্তাব সংশোধন করেছেন।

বিভিন্ন জটিলতার শিকার হয়ে চট্টগ্রাম চেম্বারের নির্বাচন আবারও স্থগিত হয়েছে। হাইকোর্ট ডিভিশনের একটি বেঞ্চের দু'জন বিচারপতি চট্টগ্রাম চেম্বারের নির্বাচনী তফসিলকে এক রায়ে অবৈধ ঘোষণা করেছে।

৩০ জুন : কড়া নিরাপত্তা ব্যবস্থার মধ্য দিয়ে বন্ধ হলো বৃহত্তম পাটকল আদমজী।

আদালতের নির্দেশ অমান্য এবং চেম্বার নিয়োজিত আইন উপদেষ্টার ক্ষমতাকে উপেক্ষা করে চট্টগ্রাম চেম্বার অব কমার্সের নির্বাচন সম্পন্ন হয়েছে।

মাল্টিমিটারিং সিস্টেম চালু করেছে টিএভটি।